[কবিতা]

মেয়ে পুতুলের জন্মান্তর

– কিশোর মজুমদার

সেই বালিকার কী হল ?

সেই বালিকা আজ অনেকগুলি বর্ষায় স্নাত হয়ে , হয়ে উঠেছে সাবালিকা।
চারপাশে ডালপালা মেলে দিয়েছে তার,
এখন তার শাখায় শাখায় কথা , কর্তব্য , আনাজপত্রের নালিশ;
তবে সে আর সেই বালিকা নেই ;
যে বালিকার বাবার পুরোনো রুমালে বাঁধা ছিল ছোট্ট একটা পুতুল,
পুতুলের বিয়ে ঠিক হয়েছিল পাশের বাড়ির টুনুর ছেলে-পুতুলটার সঙ্গে।
দু'চোখ ভরা স্বপ্ন ছিল
বিছানা ভরা গল্প ছিল
দু'হাত ভরা বৃষ্টি মাখা ছাদ
ছাদ পেরিয়ে আকাশ ছিল – আকাশ ভরা গাল ফুলানো মেঘ।
পুতুলের আবার রং বেরঙের শাড়ি । শাড়ির গায়ে পাতার নকশা কাটা।
এখন সে ফুলে ফলে সুশোভিত গাছ।
পাতায় পাতায় ঝড় বাতাসের দোলা। ডালে ডালে নতুন কুশির গান।
ঘরের ভেতর উঠোন ছিল বড়।
সেই উঠোনে পাখ-পাখালির ভীড়।
ভীড়ের থেকে উঠে আসতো রোদ,
রোদের হাতে ঝলমলে লাল চুড়ি ,
চুড়ির পাশে ধাতুর নোয়া এলো–
হাতের পাশে নিজ পুরুষের হাত।
স্বপ্ন গুলো নতুন হলো আরো।
বালিকাটিই হারিয়ে গেল আজ।

খুকুর ঘরে কলের পতুল এলো। খেলনা ভরা রঙের পাশে রং।
জামার গায়ে এলো একশো বদল। আকাশটুকু পেল নতুন জীবন।
সেই বালিকার বড় হবার ভয়। সেই বালিকার উদাস জানলা কাঁদে।
সেই বালিকার নবজন্ম ঘিরে। স্মৃতির মতো গাছের নিচে ছায়া।
আবছায়া হয় মেঘ বৃষ্টি জলে। সেই বালিকার খেলার ছোট্ট ঘরে।
ছোট্ট হাঁড়ি ছোটো হাতা খুন্তি।
হঠাৎ করে হারিয়ে যাওয়া বাটি
মায়ের যত ঝক্কি ঝামেলা।
পুতুল ফেলে কী যে কান্নাকাটি !

সেই খুকিটাই সাঁতরে উঠে এলো। অন্য নদীর অজানা এক পাড়ে।
সবাইকে আজ আপন করে নিতেই। খেলনা-বাটি পুতুল গেল সরে।
অনেকদিন পরে মায়ের কাছে। ছোটবেলার গল্প হাঁড়ি খুলে।
একসা ধুলোয় আবর্জনার মাঝে। পুতুল খোঁজার চেষ্টা কৌতূহলে।

সেই পুতুলই নতুন জীবন পেল। জীবন্ত এক আলোর উঠোন ভরে।
কোলের খুকির আবার খেলা শুরু। এক্কেবারে মায়ের মতন করে।
শুধু তার পুতুল অনেক দামি। যত্ন ক'রে সোফায় রাখা থাকে।
মোবাইল ফোনে হাজার রকম খেলায়। পুতুল গড়ায় পুচকু অবহেলায়।

সেই খুকিটাই বড় , এখন মা। মায়ের মত কখন হয়ে গেল !
এখন যে তার অনেক অনেক কাজ। ছোট্ট খুকিই ছোট্ট পুতুল হল।
সেই বালিকাই নতুন নতুন ক'রে।
নতুন রূপে মায়ের মেয়ে হলে। খেলার পুতুল জীবন্ত আজ আদর।
এমনি করেই জন্মান্তর চলে।

সেই বালিকাই আজ মা ,
— আর তার খেলার পুতুল ?
— এই দেখো না কি সুন্দর টুকটুকে খুকি হয়ে ঘর আলো ক'রে আছে।

এই বালিকাই সেই বালিকা আজ।
যে , অনেকগুলি বর্ষায় স্নাত হয়ে
হয়ে উঠেছে সাবালিকা।

.....